এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

কুমিল্লা বোর্ড - ২০১৭

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

ক - বিভাগ

১। বাবর কোম্পানি লিঃ এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১০,০০,০০০ টাকা যাহা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ টাকা শেয়ার বিভক্ত। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের রেওয়ামিল নিম্নরূপ ঃ

ডেবিট রেওয়ামিল, ডিসেম্বর ৩১, ২০১৬ ক্রেডিট

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মজুদ পণ্য (১.১.২০১৬)	১,৩০,০০০	শেয়ার মূলধন (প্রতিটি শেয়ার ১০ টাকা করে ৪০,০০০ (শেয়ার)	৪,০০,০০০
মজুরী	২০,০০০	লভ্যাংশ সমতাকরণ তহবিল	১৫,০০০
ক্রয়	১,৫০,০০০	বিক্রয়	২,৭০,০০০
বিক্রয় পরিবহন	১৫,০০০	প্রদেয় হিসাব	১০,০০০
জাহাজ ভাড়া	২০,০০০	আয়কর সঞ্চিতি	১০,০০০
বেতন	১৫,০০০	শিক্ষানবিশ সেলামী	২০,০০০
মহিহারি	১৫,০০০	সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত(৩১.১২.১৫)	১০,০০০
দফতর খরচ	১০,০০০		
আসবাবপত্র	৫০,০০০		
যন্ত্রপাতি	৭০,০০০		
আয়কর	২৫,০০০		
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ	২৫,০০০		
রপ্তানি শুল্ক	১০,০০০		
মটর গাড়ি	১,০০,০০০		
প্রাপ্য বিল	৮০,০০০		
	৭,৩৫,০০০		৭,৩৫,০০০

সমন্বয়সমূহ ঃ (১) সমাপনি মজুদ পণ্যের বাজার মূল্য ৯০,০০০ টাকা হলেও এর ক্রয় মূল্য ছিল ১,১০,০০০ টাকা (২) প্রতি মাসে বেতন প্রদানের পরিমাণ ১০,০০০ টাকা। (৩) অগ্রিম প্রদত্ত মজুরির পরিমাণ ৫,০০০ টাকা। (৪) বিক্রয় অথবা ফেরত শর্তে প্রেরিত ১০,০০০ টাকার পণ্য বিক্রয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে কিন্তু উহা বিক্রয় হয়েছে কিনা তা এখনও নিশ্চিত হওয়া যায় নি যার ক্রয়মূল্য ছিল ৮,০০০ টাকা। (৫) প্রদেয় হিসাবের উপর ৫% বাট্টা সঞ্চিতি রাখতে হবে।

ক) নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর।

খ) মোট লাভ ৪৩,০০০ টাকা ধরে আয় বিবরণী তৈরি কর।

গ) বাবর কোম্পানি লিঃ এর সংরক্ষিত আয় বিবরণী তৈরি কর।

উত্তর : (ক) ২,৬০,০০০ টাকা। (খ) নিট ক্ষতি ১,০৬,৫০০ টাকা। (গ) ১,৩৬,৫০০ টাকা।

২। লালন শাহ কোম্পানি লিঃ প্রতি শেয়ার ১০ টাকা করে ১০,০০০ শেয়ারে বিভক্ত ১,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল নিম্নরূপঃ

ডেবিট রেওয়ামিল, ডিসেম্বর ৩১, ২০১৬ ক্রেডিট

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	২০,০০০	শেয়ার মূলধন (প্রতিটি শেয়ার ১০ টাকা করে	৮০,০০০
মজুরী	১০,০০০	বিক্রয় (১৫% ভ্যাটসহ)	৩,৪৫,০০০
আসবাবপত্র	৫০,০০০	৬% ঋণপত্র	১,০০,০০০
যন্ত্রপাতি	৬০,০০০	সংরক্ষিত আয় হিসাবের উদ্বৃত্ত (৩১.১২.১৬)	৬,০০০
বেতন	৪০,০০০	সাধারণ সঞ্চিতি	২০,০০০
সুনাম	৩০,০০০		
ভাড়া	২৫,০০০		
ঋণের সুদ	৬,০০০		
ক্রয় (১৫% ভ্যাটসহ)	২,৩০,০০০		
প্রাপ্য হিসাব	৫৫,০০০		
নগদ তহবিল	৫,০০০		
আয়কর	২০,০০০		
	৫,৫১,০০০		৫,৫১,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনি মজুদ পণ্য ১,২০,০০০ টাকায় মূল্যায়ন করা হলেও এর বাজার দর ১,৪০,০০০ টাকা। (২) প্রাপ্য হিসাবে ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবে ৫% সঞ্চিতি কাটতে হবে। (৩) মজুরী ৩,০০০ টাকা বকেয়া আছে পক্ষান্তরে ভাড়া ১০,০০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে। (৪) আসবাবপত্র ও যন্ত্রপাতির উপর যথাক্রমে ১০% ও ৮% অবচয় ধরতে হবে। (৫) সাধারণ সঞ্চিতি ২৫,০০০ টাকায় উন্নীত করতে হবে।

ক) ক্রয় ভ্যাট ও বিক্রয় ভ্যাট গণনাপূর্বক তাদের পার্থক্য নির্ণয় কর।

খ) মোট লাভ নির্ণয় কর।

গ) আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর যখন সংরক্ষিত আয় বিবরণীর ক্রেডিট উদ্বৃত্ত ৯৪,৭০০ টাকা।

উত্তর : (ক) ১৫,০০০ টাকা। (খ) ১,৮৭,০০০ টাকা। (গ) যোগফল ৩,১৭,৭০০ টাকা। (অনিশ্চিত সম্পদ পাশে ৫,০০০ টাকা।)

খ - বিভাগ

৩। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য তরুন সংঘের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ :

ডিসেম্বর ৩১, ২০১৬

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
উদ্বৃত্ত (১.১.১৬)	২০,০০০	মজুরি	৬,০০০
প্রবেশ ফি	১২,৫০০	বেতন	৮,০০০
চাঁদা	২০,০০০	ভাড়া	৩,০০০
আপ্যায়ন থেকে মুনাফা	১,০০০	মেরামত	২,০০০
খবরের কাগজ বিক্রয়	৩,৫০০	বিবিধ খরচ	১,০০০
বিনিয়োগের সুদ	১,০০০	আসবাবপত্র	২০,০০০
		উদ্বৃত্ত (৩১.১২.১৬)	১৮,০০০
	৫৮,০০০		৫৮,০০০

১. ১. ২০১৬ তারিখে সংঘের সম্পদ ছিলঃ বিনিয়োগ ৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা, খেলার সরঞ্জাম ২০,০০০ টাকা। **অন্যান্য তথ্যাবলি ঃ** (১) প্রাপ্ত চাঁদার ২৫% বিগত বছরের এবং ২৫% পরবর্তী বছরের। চলতি বছরের চাঁদা এখনও ১০,০০০ টাকা অনাদায়ী আছে। (২) প্রারম্ভিক আসবাবপত্রের উপর ১০% অবচয় এবং বিনিয়োগের উপর ১০% সুদ ধরতে হবে। (৩) প্রবেশ ফি এর ১০,০০০ টাকা পর্যন্ত মূলধন জাতীয় এবং অবশিষ্ট ২,৫০০ টাকা মুনাফা জাতীয় আয় বলে গণ্য করতে হবে।

ক) চলতি বছরের চাঁদার পরিমাণ নির্ণয় কর।

খ) প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর।

গ) কারবারের ব্যয়াতিরিক্ত আয় অথবা আয়াতিরিক্ত ব্যয় নির্ণয় কর।

উত্তর : (ক) ২০,০০০ টাকা। (খ) ১,২৫,০০০ টাকা। (গ) ব্যয়াতিরিক্ত আয় ৯,০০০ টাকা।

৪। A এবং B একটি অংশীদারি কারবারের দুইজন সমান অংশীদার। ২০১৬ সালের ১ জানুয়ারী তারিখ তারা যথাক্রমে ৮০,০০০ টাকা ও ৭০,০০০ টাকা মূলধন হিসেবে আনায়ন করে কারবার শুরু করেন। চুক্তির শর্তানুযায়ী তারা কারবার থেকে ৫% হারে মূলধণের সুদ পাবেন। সারা বছর ধরে তারা প্রত্যেকে কারবার থেকে ২,০০০ টাকা করে নগদ টাকা উত্তোলন করেছেন। এছাড়া A কারবার থেকে ৫,০০০ টাকা মূল্যের পণ্যও উত্তোলন করেছেন। নগদ উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। কিন্তু পণ্য উত্তোলনের উপর কোন সুদ ধার্য হবে না। A, B কে এই মর্মে নিশ্চয়তা দিয়েছে যে বেতন ছাড়াও B বার্ষিক মুনাফা বাবদ ২০,০০০ টাকার কম পাবে না। কোন সমন্বয় সাধন করার পূর্বে বছর শেষে কারবারের মুনাফা দাঁড়ায় ৭৬,৩০০ টাকা।

ক) A এবং B এর উত্তোলনের সুদ নির্ণয় কর।
খ) অংশীদারদের লাভ-লোকসান আবন্টন হিসাব তৈরি কর।
গ) অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর।

উত্তর : (ক) ১,২০০ ও ১,২০০ টাকা। (খ) মুনাফার অংশ ৩৮,১০০ ও ৩৮,১০০ টাকা। (গ) ৯১,৯০০ ও ৮৬,৪০০ টাকা।

৫। আজাদ লি. এর ২০১৬ সালের তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণীতে চলতি সম্পদ ও চলতি দায় নিম্নরূপ :

বিবরণ	২০১৬ টাকা	২০১৫ টাকা
প্রাপ্য হিসাব	৬৩,০০০	৭০,০০০
মজুদ পণ্য	৭২,০০০	৬৯,০০০
প্রদেয় হিসাব	৫৫,০০০	৫৩,০০০
বকেয়া খরচ	৫,০০০	৮,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) ২০১৬ সালে নিট আয় ২০,০০০ টাকা। (২) একটি পুরাতন আসবাবপত্র ২৫,০০০ টাকায় বিক্রয় করা হয় যার ক্রয়মূল্য ছিল ৩২,০০০ টাকা এবং অবচয় ৩,০০০ টাকা। (৩) পুরাতন যন্ত্রপাতির বিক্রয়জনিত লাভ ২,০০০ টাকা। (৪) ২০১৬ সালের স্থায়ী সম্পত্তির অবচয় খরচ ছিল ১৩,০০০ টাকা। (৫) সুনামের অবলোপন ৫,০০০ টাকা।
ক) পুরাতান আসবাবপত্র বিক্রয়জনিত লাভ বা ক্ষতি নির্ণয় কর।
খ) চলতি সম্পদ ও চলতি দায়ের হ্রাস বৃদ্ধির পরিমাণ নির্ণয় কর।
গ) পরোক্ষ পদ্ধতিতে উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত কর।

উত্তর : (ক) ক্ষতি ৪,০০০ টাকা। (খ) চলতি সম্পদ হ্রাস ৪,০০০ টাকা ও চলতি দায় হ্রাস ১,০০০ টাকা। (গ) নিট নগদ বৃদ্ধি ৭০,০০০ টাকা।

৬। অহিদুল কোম্পানি লিঃ প্রতি শেয়ার ১০ টাকা করে ৫০,০০০ শেয়ারে বিভক্ত সর্বমোট ৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত। কোম্পনি ৩০,০০০ শেয়ার প্রতিটি ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। কোম্পানি ৩৫,০০০ শেয়ারের আবেদন পেল। ৩০,০০০ শেয়ার যথারীতি আবন্টিত হল। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হল।
ক) শেয়ার অধিহারের টাকার পরিমাণ নির্ণয় কর।
খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।
গ) কোম্পানির আর্থিক অবস্থার একটি বিবরণী তৈরি কর।

উত্তর : (ক) ৩০,০০০ টাকা। (খ) জাবেদার যোগফল ৭,৭০,০০০ টাকা। (গ) ৩,৩০,০০০ টাকা।

৭। বুলবুল কোম্পানি লি. এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থা ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপঃ

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
শেয়া মূলধন	৫,০০,০০০	মজুদ পণ্য	১,০০,০০০
সাধারণ সঞ্চিতি	৩,০০,০০০	আসবাবপত্র	৫০,০০০
প্রদেয় হিসাব	১,০০,০০০	যন্ত্রপাতি	১,৫০,০০০
৫% ঋণপত্র	২,০০,০০০	ভূমি ও দালানকোঠা	৪,০০,০০০
বকেয়া খরচ	৫০,০০০	প্রাপ্য হিসাব	২,১০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	৫০,০০০	প্রাপ্য বিল	১,৯০,০০০
		নগদ তহবিল	১,০০,০০০
	১২,০০,০০০		১২,০০,০০০

অন্যান্য তথ্যাবলিঃ প্রারম্ভিক মজুদ পণ্য ৩,০০,০০০ টাকা, ধারে ক্রয় ৫,০০,০০০ টাকা, ধারে বিক্রয় ৮,০০,০০০ টাকা, মোট লাভ ৩,০০,০০০ টাকা, কর বাদ নিট লাভ ১,৮০,০০০ টাকা।
ক) মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর।
খ) চলতি অনুপাত ও তড়িৎ অনুপাত নির্ণয় কর।
গ) দেনাদার আবর্তন আনুপাত ও পাওনাদার আবর্তন অনুপাত নির্ণয় কর।

উত্তর : (ক) ৩.৫০ বার (খ) ৩ ঃ ১ ও ৩.৩৩ ঃ ১ (গ) ২ বার ও ৫ বার

৮। একটি কারখানায় ৪ জন শ্রমিমের মজুরি সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ
স্বাভাবিক মজুরি ঘন্টা প্রতি ১০ টাকা হারে। ওভারটাইম মজুরি স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে। মহার্ঘভাতা স্বাভাবিক মজুরির ১০%।

বাড়ি ভাড়া ভাতা স্বাভাবিক মজুরি ৪০%। যাতায়াত ভাতা স্বাভাবিক মজুরির ১০%। ভবিষ্যত তহবিলে তারা জমা দেয়া ১০%।

২০১৬ সালের ফেব্রুয়ারি মাসে শ্রমিকগণ নিম্নোক্ত হারে কাজ করেন ঃ

শ্রমিকের নাম	স্বাভাবিক কার্যঘন্টা	ওভারটাইম কার্যঘন্টা
A	৪৮	১০
B	৪৮	১২
C	৪৮	১৪
D	৪৮	১৬

ক) শ্রমিকদের ওভারটাইম মজুরি নির্ণয় কর।

খ) ফেব্রুয়ারি ২০১৬ মাসে শ্রমিকদের মোট মজুরি নির্ণয় কর।

গ) ফেব্রুয়ারি ২০১৬ মাসে শ্রমিকদের নিট মজুরি নির্ণয় কর।

উত্তর : (ক) ২০০; ২৪০; ২৮০; ৩২০ টা.। (খ) ৯৬৮; ১,০০৮; ১,০৪৮ ও ১,০৮৮ টা. (গ) ৯২০; ৯৬০; ১,০০০ ও ১,০৪০ টা.

৯। সৌরভ লিঃ এর কারখানার একটি গুদামে ২০১৬ সালের জুন মাসে কাঁচামালের আগমন ও নির্গমন নিম্নসরূপঃ

তারিখ	বিবরণ	একক	হার (টাকা)
জুন ১	প্রারম্ভিক জের	১,৫০০	১০
২	ক্রয়	৭৫০	৯
১০	ইস্যু	১,০৫০	
১৫	ক্রয়	৪৫০	৮
২০	ইস্যু	১,২০০	
৩০	ইস্যু	৪৫০	

ক) মোট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর।

খ) FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর।

গ) ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর।

উত্তর : (ক) ১,২০০ একক,মূল্য ১০,৩৫০ টাকা। (খ) সমাপনি মজুদ ০০ টাকা। (গ) সমাপনি মজুদ ০০ টাকা।

১০। রহমান কোম্পানি লিঃ এর ২০১৬ সালে তথ্যাবলি নিম্নরূপঃ

কাঁচামাল ক্রয়	১০,০০,০০০ টাকা
প্রত্যক্ষ মজুরি	৪,৮০,০০০ টাকা
কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ মজুরির	৮০%
প্রশাসনিক উপরিব্যয় উৎপাদন ব্যয়ের	১০%
বিক্রয় ও বিজ্ঞাপন উপরিব্যয় বিক্রয়ের ১৫%	
তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ	৫,০০০ একক।
তৈরি পণ্যের সমাপনি মজুদ	১০,০০০ একক।
বিক্রয় ৭৫,০০০ একক	২২,০০,০০০ টাকা

ক) উৎপাদিত এককের পরিমাণ নির্ণয় কর।

খ) তৈরি পণ্যের সমাপনি মজুদের মূল্য নির্ণয় কর।

গ) নিট মুনাফা নির্ণয় কর।

উত্তর : (ক) ৮০,০০০ একক (খ) ২,৩৩,০০০ টাকা। (গ) নিট ক্ষতি ৬৩,৯০০ টাকা।

১১। মাসকুরা কোম্পানি লিঃ এর ২০১৫ সালের জুলাই মাসের তথ্য নিম্নরূপ :

বিক্রয় ৪,৮০,০০০ টাকা; নিরাপত্তা মার্জিন অনুপাত ৩৩.৩৩%; কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ৪০%

ক) সমচ্ছেদ বিন্দু টাকায় নির্ণয় কর।

খ) নিরাপত্তা মার্জিন টাকায় নির্ণয় কর।

গ) ২০১৫ সালের জুলাই মাসের মাসের মুনাফা নির্ণয় কর।

উত্তর : (ক) ৩,২০,০০০ টাকা। (খ) ১,৬০,০০০ টাকা। (গ) মুনাফা ৬৪,০০০ টাকা।

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বহুনির্বাচনি অভিক্ষা

সময় ঃ ৩০ মিনিট — পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর । প্রতিটি প্রশ্নের মান-১]

১ । প্রত্যক্ষ ব্যয়ের উদাহরণ-
i) কারখানা ভাড়া ii) বহিঃপরিবহন iii) আন্তঃপরিবহন **নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২ । মূলধন গিয়ারিং অনুপাত হল–
(ক) ব্যবসায় কার্যকলাপ অনুপাত (খ) তারল্য অনুপাত (গ) স্বচ্ছলতা অনুপাত (ঘ) মুনাফা অর্জন ক্ষমতা অনুপাত

৩ । কোনটি পরিচালন আয় ?
(ক) আসবাবপত্র বিক্রয় (খ) পণ্যবিক্রয় (গ) বিনিয়োগের সুদ (ঘ) কমিশন প্রাপ্তি

নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাওঃ
নিনি লিঃ একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান । ২০১৫ সালের কিছু খরচাবলি নিম্নে দেয়া হলো । কাঁচামাল ৩,০০,০০০ টাকা, প্রত্যক্ষ শ্রম ১,৫০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ৫০,০০০ টাকা, অফিস দালানের অবচয় ৪০,০০০ টাকা ।

৪ । উৎপাদন ব্যয়ের পরিমাণ কত টাকা ?
(ক) ৫,৪০,০০০ টাকা (খ) ৫,০০,০০০ টাকা (গ) ৪,৫০,০০০ টাকা (ঘ) ৩,০০,০০০ টাকা

৫ । যদি যন্ত্রপাতির অবচয় ১০,০০০ টাকা ধরা হয়, তাহলে-
i) উৎপাদন ব্যয় ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে ii) মোট কালান্তিক ব্যয় ১০,০০০ টাকা হবে
iii) মোট পরিবর্তনশীল ব্যয় অপরিবর্তিত থাকবে **নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬ । বোনাস শেয়ার ইস্যুর ফলে কোম্পানিতে কি প্রভাব পড়ে-
i) নগদ উদ্বৃত্ত হ্রাস পায় ii) মোট শেয়ার সংখ্যা বৃদ্ধি পায় iii) নগদ উদ্বৃত্ত অপরিবর্তিত থাকে **নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭ । আলী ও জামিল দু'জন অংশীদার । তাদের মুনাফার অনুপাত ২ ঃ ১ । তারা বাবুকে ১০% মুনাফার বিনিময়ে নতুন অংশীদার হিসেবে গ্রহণ করে । মুনাফার নতুন অনুপাত হবে–
(ক) ৬ ঃ ৩ ঃ ১ (খ) ৫ ঃ ৩ ঃ ১ (গ) ৩ ঃ ৬ ঃ ১ (ঘ) ২ ঃ ৩ ঃ ১

৮ । বাজেট হল–
(ক) অতীত কার্যাবলির সংখ্যাত্মক পরিকল্পনা (খ) ভবিষ্যত কার্য পরিকল্পনা
(গ) ভবিষ্যত কার্যাবলির সংখ্যাত্মক প্রকাশ (ঘ) বর্তমান কার্যাবলির সংখ্যাত্মক প্রকাশ

৯ । কালান্তিক ব্যয় হল–
(ক) কাঁচামাল ব্যয় (খ) প্রত্যক্ষ শ্রম ব্যয় (গ) পরিবর্তনশীল (ঘ) স্থির ব্যয়

১০ । বিগত বছরের অনাদায়ী চাঁদা চলতি বছরেও অনাদায়ী আছে । এর সঠিক প্রয়োগ হচ্ছে -
i) আয়-ব্যয় হিসাবে চাঁদার সাথে যোগ ii) মূলধন তহবিলেসম্পদ iii) উদ্বর্তপত্রে সম্পদ **নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাওঃ
রেওয়ামিলে ভ্যাটসহ পণ্য ক্রয় ১,৩০,০০০ টাকা । ভ্যাটসহ পণ্য বিক্রয় ২,৩৫,০০০ টাকা । বিক্রয় ফেরত ৪,০০০ টাকা, বিক্রয় বাট্টা ৬,০০০ টাকা, ক্রয় ফেরত ৫,০০০ টাকা । সমন্বয় পণ্য উত্তোলন ১০,০০০, অলিখিত বিক্রয় ৫,০০০ টাকা ।

১১ । বিক্রয় ভ্যাট কত ?
(ক) ৩৫,২৫০ টাকা (খ) ৩০,৬২৫ টাকা (গ) ৩০,০০০ টাকা (ঘ) ২৯,৬৫২ টাকা

১২ । নিট ক্রয় কত টাকা ?
(ক) ১,৩০,০০০ টাকা (খ) ১,২৫,০০০ টাকা (গ) ১,১৫,০০০ টাকা (ঘ) ১,০০,০০০ টাকা

১৩ । টেলিফোন বিল হল–
(ক) আধা পরিবর্তনশীল ব্যয় (খ) পরিবর্তনশীল ব্যয় (গ) স্থির ব্যয় (ঘ) প্রশাসনিক উপরিব্যয়

১৪। কোন ব্যয় টি মুখ্য ব্যয় ও রূপান্তর ব্যয় ?

(ক) কাঁচামালের ব্যয় (খ) প্রত্যক্ষ শ্রম (গ) কারখানা উপরিব্যয় (ঘ) প্রশাসনিক উপরিব্যয়

১৫। কোম্পানি গঠনের ধাপ হল -

i) উৎপাদন ii) দলিল পত্রাদি তৈরি ও নিবন্ধনকরণ iii) কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬। বিন কার্ডের বৈশিষ্ট্য হল -

i) কাঁচামালে ক্রয় ও ইস্যু লিপিবদ্ধকরণ ii) মজুদ মালের হিসাবরক্ষণ iii) বিক্রয়মূল্য লিপিবদ্ধকরণ নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭। কোনটি মূলধন জাতীয় ব্যয় ?

(ক) আসবাবপত্র ক্রয় (খ) কোমল পানীয় ক্রয় (গ) মনিহারি দ্রব্যাদি ক্রয় (ঘ) খাদ্য দ্রব্য ক্রয়

১৮। বাট্টায় শেয়ার ইস্যুকরণ হল–

(ক) অভিহিত মূল্যের থেকে কম মূল্যে শেয়ার ইস্যু করা (খ) অভিহিত মূল্য থেকে বেশি মূল্যে শেয়ার ইস্যু করা

(গ) অভিহিত মূল্যে শেয়ার ইস্যু করা (ঘ) অধিহারে শেয়ার ইস্যু করা

১৯। চুক্তির অবর্তমানে অংশীদারের ঋণের সুদের হার কত ?

(ক) ৫% (খ) ৬% (গ) ৮% (ঘ) ১০%

২০। বিক্রয় ৮,০০,০০০ টাকা, কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ২৫%, সমচ্ছেদ বিক্রয় ২,০০,০০০ টাকা হলে স্থির ব্যয় কত টাকা?

(ক) ৬,০০,০০০ টাকা (খ) ৪,০০,০০০ টাকা (গ) ২,০০,০০০ টাকা (ঘ) ৫০,০০০ টাকা

২১। যখন কোম্পানি নিজের শেয়ার শেয়ার ক্রয় করে, তখন তাকে বলে–

(ক) ট্রেজারি শেয়ার (খ) বোনাস শেয়ার (গ) রাইট শেয়ার (ঘ) সাধারণ শেয়ার

২২। অংশীদারের চলতি হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত হল–

(ক) ব্যয় (খ) সম্পদ (গ) আয় (ঘ) দায়

২৩। সিদ্ধান্ত গ্রহণে কোন ব্যয় বিবেচনায় আনা হয় না ?

(ক) প্রত্যক্ষ ব্যয় (খ) নিমজ্জিত ব্যয় (গ) সুযোগ ব্যয় (ঘ) পার্থক্যমূলক ব্যয়

২৪। একটি প্রতিষ্ঠানের বিক্রয় ২৫,০০০ একক, স্থির ব্যয় ১,০০,০০০ টাকা, একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন ৫ টাকা, নিরাপত্তা প্রান্ত কত একক ?

(ক) ২৫,০০০ একক (খ) ২০,০০০ একক (গ) ১৫,০০০ একক (ঘ) ৫,০০০ একক

২৫। নগদ প্রবাহ বিবরণীতে প্রত্যক্ষ ও পরোক্ষ পদ্ধতির পার্থক্য দেখা যায় কোন কার্যক্রমে ?

(ক) বিনিয়োগ কার্যক্রমে (খ) পরিচালন কার্যক্রমে (গ) অর্থায়ন কার্যক্রমে (ঘ) কোন পার্থক্য নেই

২৬। মজুদ মূল্যায়নের সহজ পদ্ধতি কোনটি ?

(ক) আগে আসে আগে ছাড় পদ্ধতি (খ) পরে আসে আগে ছাড় পদ্ধতি (গ) ভারযুক্ত গড় পদ্ধতি (ঘ) সাধারণ গড় পদ্ধতি

২৭। বিক্রয় –পরিবর্তনশীল ব্যয় = ?

(ক) নিরাপত্তা প্রান্ত (খ) নিট মুনাফা (গ) সমচ্ছেদ বিন্দু (ঘ) কন্ট্রিবিউশন মার্জিন

নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাওঃ রেওয়ামিলে দেনাদার ১,১০,০০০ টাকা, অনাদায়ী দেনা ৫,০০০ টাকা। সমন্বয়ে উল্লেখ আছে বছরে মোট অনাদায়ী দেনা ১০,০০০ টাকা। ধারে বিক্রয় ১২,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। দেনাদারের উপর ১০% অনাদায়ী দেনা সঞ্চিতি ও ২% দেনাদার বাট্টা সঞ্চিতি ধার্য কর।

২৮। নতুন অনাদায়ী দেনা সঞ্চিতির পরিমাণ ?

(ক) ১২,২০০ টাকা (খ) ১১,৭০০ টাকা (গ) ১১,২০০ (ঘ) ১১,১০০ টাকা

২৯। ধারে বিক্রয় ১২,০০০ টাকা যদি হিসাবভুক্তকররণ বাদ পড়ে তাহলে কারবারে কি প্রভাব পড়বে-?

i) নিট আয় হ্রাস পাবে ii) বিবিধ দেনাদার হ্রাস পাবে iii) অনাদায়ী দেনা সঞ্চিতি হ্রাস পাবে নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০। আজীবন সদস্য চাঁদা ?

(ক) মুনাফা জাতীয় আয় (খ) মূলধন জাতীয় আয় (গ) সম্পদ (ঘ) মুনাফা জাতীয় ব্যয়

উত্তরপত্র

১। খ	২। গ	৩। খ	৪। খ	৫। খ	৬। গ	৭। ক	৮। গ	৯। ঘ	১০। গ	১১। গ	১২। ঘ	১৩। ক	১৪। খ	১৫। গ
১৬। ক	১৭। ক	১৮। ক	১৯। খ	২০। ঘ	২১। ক	২২। ঘ	২৩। খ	২৪। ঘ	২৫। খ	২৬। ক	২৭। ঘ	২৮। খ	২৯। ঘ	৩০। খ